# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৭৩/২০১৬**

| | | | |
|---|---|---|---|
| **অভিযোগকারী ঃ** | জনাব ইকবাল হোসেন ফোরকান<br>পিতা-মরহুম আলহাজ্ব এম এ ফাত্তাহ<br>এ/১, পল্টন বিলাস, ৭২ পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০। | **প্রতিপক্ষ ঃ** | অধ্যক্ষ<br>হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ<br>১ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা । |

## সিদ্ধান্তপত্র

**(তারিখ ঃ ০৪-০৮-২০১৬ ইং)**

অভিযোগকারী ০৬-০৩-২০১৬ তারিখে অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ, ১ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা এর বিরুদ্ধে তথ্য কমিশনে অভিযোগ দায়েরের করেন। অভিযোগ বিবরণী হতে দেখা যায়, অভিযোগকারী “হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ” এর অধ্যক্ষ বরাবরে ০১-০২-২০১৬ তারিখে উক্ত প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর নাম, পদবি, টেলিফোন ও মোবাইল নম্বর ইত্যাদি জানতে চেয়ে না পেয়ে অত্র অভিযোগ দায়ের করেছেন।

২। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৫-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ, ১ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা এর অধ্যক্ষ এর প্রতি সমন জারী করা হয়।

৩। শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ পুনরায় গরহাজির। অধ্যক্ষ গরহাজির থাকায় অধিকতর শুনানীর জন্য ২৯-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ বরাবর পুনরায় সমন জারী করা হয়। ধার্য ২৯-০৫-২০১৬ তারিখে অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর পক্ষে লিগ্যাল অ্যাফেয়ার্স সংক্রান্ত বিষয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফকির সাইফুল ইসলাম এর উপস্থিতিতে শুনানী গৃহীত হয়।

৪। অধিকতর শুনানীর জন্য আগামী ২০-০৬-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ প্রতি সমন জারী করা হয়।

৫। ধার্য তারিখে অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর পক্ষে লিগ্যাল অ্যাফেয়ার্স সংক্রান্ত বিষয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফকির সাইফুল ইসলাম হাজির। অধিকতর শুনানীর জন্য পরবর্তী ২০-০৭-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর প্রতি সমন জারী করা হয়।

৬। ধার্য তারিখে অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর পক্ষে লিগ্যাল অ্যাফেয়ার্স সংক্রান্ত বিষয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফকির সাইফুল ইসলাম হাজির। অধিকতর শুনানীর জন্য পরবর্তী ০৪-০৮-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর পক্ষে লিগ্যাল অ্যাফেয়ার্স সংক্রান্ত বিষয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফকির সাইফুল ইসলাম হাজির।

৭। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিষ্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করায় সংক্ষুব্ধ হয়ে তিনি অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত সঠিক তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন । অভিযোগকারী সংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর পরিচালক (অর্থ) জনাব মোঃ জহির উদ্দিন এর জন্য কমিশনের নিকট অনুমতি প্রার্থনা করেন ।

৮। কমিশন কর্তৃক অনুমোদন প্রদান করা হলে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর পরিচালক (অর্থ) জনাব মোঃ জহির উদ্দিন, তার বক্তব্যে উল্লেখ করেন যে, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি পরিচালিত হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজটি আর্থিকভাবে পৃথক তবে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সম্মানিত চেয়ারম্যান হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজের অর্থ নিয়ন্ত্রণের ক্ষমতা সংরক্ষণ করেন এবং হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজের গভর্নিং বডির সভাপতি । তিনি আরো বলেন যে, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজের ভবন এবং জমির মালিকানা বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির।

৯। প্রতিপক্ষ অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এর পক্ষে লিগ্যাল অ্যাফেয়ার্স সংক্রান্ত বিষয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফকির সাইফুল ইসলাম, তার বক্তব্যে উল্লেখ করেন যে, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ২০০০ সালের জুলাই মাসে প্রতিষ্ঠিত হয় । প্রতিষ্ঠার পর হতে এই প্রতিষ্ঠানটি সম্পূর্ন নিজস্ব অর্থায়নে পরিচালিত একটি অলাভজনক প্রাইভেট চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান । তিনি আরো বলেন যে, সরকারী অর্থায়নে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজটি পরিচালিত হয় না । তবে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজের প্রতিষ্ঠাকালে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি অত্র মেডিকেল কলেজকে ভবন নির্মাণ করার জন্য জমি প্রদান করেছিল বলে তিনি স্বীকার করেন এবং তথ্য কমিশনের নির্দেশনা অনুসারে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজটি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী 'কর্তৃপক্ষ' হিসাবে বিবেচিত হলে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন ।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ এনামুল হক কর্তৃক স্বাক্ষরিত এবং সরবরাহকৃত স্মারক নং ৪৫.১৪৩.০১৬.০০.০০.০০১.০২৩.২০১৫-৫৬২ তারিখ-৩০.১২.১৫ মারফত বাংলাদেশ সরকার থেকে অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের নামের তালিকার ৩১ নং ক্রমিকে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির নাম রয়েছে এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাসচিব কর্তৃক বিডিআরসিএস/অর্থ/২০১৬/৫৯৮ তারিখ ০২.০৬.২০১৬ মাধ্যমে সরবরাহকৃত চাহিত তথ্যের ৬নং ক্রমিকে উল্লেখ করা হয়েছে যে, "হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ও হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি পরিচালিত ২টি অঙ্গঁ প্রতিষ্ঠান"। কাজেই বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির অঙ্গঁ প্রতিষ্ঠান হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজটি বাংলাদেশ সরকার থেকে রেড ক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান হিসেবে কমিশনের নিকট প্রতীয়মান হয় । তদুপরি বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি একটি বিদেশী সাহায্যপুষ্ট প্রতিষ্ঠান ও হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ রেড ক্রিসেন্ট সোসাইটির অঙ্গঁ প্রতিষ্ঠান হওয়ায় এবং বাংলাদেশ সরকার থেকে অনুদান গ্রহণ করায় হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২(খ) (ঈ) অনুযায়ী তথ্য প্রদানকারী "কর্তৃপক্ষ" হিসেবে বিবেচিত এবং তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান করতে বাধ্য থাকবে মর্মে প্রতীয়মান হয় । অধিকন্তু, প্রতিপক্ষে উপস্থিত কর্মকর্তা তথ্য কমিশনের নির্দেশনা অনুসারে অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি প্রস্তুত করে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিস্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারা অনুযায়ী অত্র সিদ্ধান্তপত্র প্রাপ্তির ০৭ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ কে নির্দেশনা দেয়া হলো এবং নিয়োগ পরবর্তী ১৫ দিনের মধ্যে তথ্য কমিশন বরাবর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও যোগযোগের ঠিকানা প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো ।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত |
|---|---|---|
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |